

তথ্য কমিশন

প্রত্নতত্ত্ব ভবন (৩য় তলা)

এফ-৪/এ, আগারগাঁও প্রশাসনিক এলাকা

শেরে বাংলা নগর, ঢাকা-১২০৭

অভিযোগ নং : ৭৯/২০১৪

অভিযোগকারী : জনাব মোঃ আব্দুল আলীম

সিনিয়র সাংবাদিক

অপরাধ বিচিত্রা, মর্ডান ম্যানশন

৫৩ মতিঝিল বা/এ

ঢাকা-১০০০।

প্রতিপক্ষ : জনাব বেনজির কামাল

উপ-মহাব্যবস্থাপক

ও

দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা (আরটিআই)

অগ্রণী ব্যাংক, প্রধান কার্যালয়, ঢাকা।

সিদ্ধান্তপত্র।

(তারিখ : ২৭-০৮-২০১৪ ইং)

অভিযোগকারী জনাব মোঃ আব্দুল আলীম ১৫-০৫-২০১৪ তারিখে তথ্য অধিকার আইন, ২০০৯ এর ৮(১) ধারা অনুসারে জনাব সৈয়দ আব্দুল হামিদ, ব্যবস্থাপনা পরিচালক এবং সিইও ও দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা (আরটিআই), অগ্রণী ব্যাংক, হেড অফিস, দিলকুশা বা/এ, ঢাকা-১০০০ বরাবরে নিম্নলিখিত তথ্য জানতে চেয়ে আবেদন করেন-

- অগ্রণী ব্যাংকের সি এস আর তহবিল থেকে সিবিএর বার্ষিক বণভোজন, অফিসার্স সমিতি, গোপালগঞ্জ জেলা সমিতি, গণজাগরণ মঞ্চ ও রাজধানীর হাতিরঝিল প্রকল্পের উদ্বোধনী অনুষ্ঠানে ব্যয় করার অভিযোগ রয়েছে। বৃক্ষ রোপনের জন্য সোস্যাল প্রোগ্রেস সার্ভিসেস নামে একটি প্রতিষ্ঠানকে ১ কোটি ৪০ লাখ টাকা বরাদ্দ দেয়া হয়। বিআইবিএম এর নামে বরাদ্দ দেয়া হয় ১২ লাখ টাকা। বরাদ্দকৃত ও ব্যয় করা এসব টাকা কোনভাবেই সিএসআর এর আওতায় ফেলা যায় না। এ ব্যাপারে আপনার মন্তব্য ও বক্তব্য প্রদানের অনুরোধ জানানো হচ্ছে। বিষয়টি জনস্বার্থে।

০২। নির্ধারিত সময়ের মধ্যে প্রার্থিত তথ্য না পেয়ে অভিযোগকারী ১৭-০৬-২০১৪ তারিখে চেয়ারম্যান ও আপীল কর্তৃপক্ষ (আরটিআই), অগ্রণী ব্যাংক, হেড অফিস, দিলকুশা বা/এ, ঢাকা-১০০০ বরাবরে রেজিস্ট্রি ডাকযোগে আপীল আবেদন করেন। আপীল আবেদন করার পর জনাব মোঃ বেনজির কামাল, উপ-মহাব্যবস্থাপক, বিএসইউসিডি, অগ্রণী ব্যাংক, হেড অফিস, দিলকুশা বা/এ, ঢাকা-১০০০, ০২-০৭-২০১৪ তারিখে তথ্য সরবরাহে অপারগতার নোটিশ প্রদান করলে অভিযোগকারী ০৬-০৭-২০১৪ তারিখে তথ্য কমিশনে অভিযোগ দাখিল করেন।

০৩। বিষয়টি কমিশনের ০৭-০৮-২০১৪ তারিখের সভায় আলোচনা করা হয়। সভার সিদ্ধান্ত অনুযায়ী অভিযোগের বিষয়ে ২৭-০৮-২০১৪ তারিখ শুনানীর দিন ধার্য করে সংশ্লিষ্ট পক্ষগণের প্রতি সমন জারী করা হয়।

০৪। শুনানীর ধার্য তারিখে অভিযোগকারী জনাব মোঃ আব্দুল আলীম প্রতিপক্ষ অগ্রণী ব্যাংক, প্রধান কার্যালয়ের উপ-মহাব্যবস্থাপক ও দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা (আরটিআই) জনাব বেনজির কামাল এবং তার পক্ষে বিজ্ঞ আইনজীবী খান মোঃ মাহবুবুর রহমান হাজির। অভিযোগকারী তার বক্তব্যে উল্লেখ করেন যে, তথ্য অধিকার আইন, ২০০৯ অনুযায়ী দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা (আরটিআই) এর নিকট ০১ নং অনুচ্ছেদে উল্লিখিত তথ্য চেয়ে আবেদন করেন। তথ্য না পেয়ে তিনি আপীল কর্তৃপক্ষ (আরটিআই) বরাবরে আপীল আবেদন করেন। এরপরও কোন প্রতিকার না পেয়ে তিনি তথ্য কমিশনে অভিযোগ দাখিল করেন।

০৫। দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা (আরটিআই) এর পক্ষে বিজ্ঞ আইনজীবী তার বক্তব্যে উল্লেখ করেন যে, অভিযোগকারী কোন তথ্য চেয়ে আবেদন করেননি। তিনি মন্তব্য ও বক্তব্য প্রদানের অনুরোধ করেছেন বিধায় দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা (আরটিআই) তথ্য প্রদান করতে পারেননি। অভিযোগকারী সুস্পষ্ট ও সুনির্দিষ্টভাবে তথ্য চেয়ে আবেদন করলে দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা (আরটিআই) সে তথ্য সরবরাহ করার নিশ্চয়তা প্রদান করেন।

(অ:পূ:দ্র)

পর্যালোচনা

অভিযোগকারী ও দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা (আরটিআই) উভয়ের বক্তব্য শবনান্তে এবং দাখিলকৃত প্রমাণাদি পর্যালোচনান্তে পরিলক্ষিত হয় যে, অভিযোগকারী কোন তথ্যের জন্য আবেদন করেননি। অভিযোগকারী সুস্পষ্ট ও সুনির্দিষ্টভাবে তথ্য চেয়ে আবেদন করলে দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা (আরটিআই) সে তথ্য সরবরাহ করার নিশ্চয়তা প্রদান করায় অভিযোগটি নিষ্পত্তিযোগ্য মর্মে প্রতীয়মান হয়।

সিদ্ধান্ত।

বিস্তারিত পর্যালোচনান্তে নিম্নলিখিত নির্দেশনা প্রদানপূর্বক অভিযোগটি নিষ্পত্তি করা হলো :-

- ১। সুস্পষ্ট ও সুনির্দিষ্টভাবে তথ্য চেয়ে আবেদন করার জন্য অভিযোগকারী-কে নির্দেশনা দেয়া হলো।
- ২। অভিযোগকারী কর্তৃক আবেদন প্রাপ্তির পর তথ্যের মূল্য পরিশোধ সাপেক্ষে অভিযোগকারীকে তার প্রার্থীত তথ্য সরবরাহ করার জন্য পরিবেশ অধিদপ্তরের উপ-পরিচালক ও দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা (আরটিআই)-কে নির্দেশনা দেয়া হলো।
- ৩। তথ্য অধিকার আইন, ২০০৯ এর ধারা-৯ এবং তথ্য অধিকার (তথ্য প্রাপ্তি সংক্রান্ত) বিধিমালা, ২০০৯ এর বিধি-৮ অনুযায়ী সরবরাহকৃত তথ্যের মূল্য বাবদ আদায়কৃত অর্থ ১-৩৩০১-০০০১-১৮০৭ নং কোডে সরকারী কোষাগারে জমা প্রদানের জন্য দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা (আরটিআই) কে নির্দেশ দেয়া হলো।
- ৪। নির্দেশনা বাস্তবায়ন/প্রতিপালন করে তথ্য কমিশনকে অবহিত করার জন্য উভয়পক্ষকে বলা হলো।

সংশ্লিষ্ট পক্ষগণকে অনুলিপি প্রেরণ করা হোক।

স্বাক্ষরিত
(মোহাম্মদ ফারুক)
প্রধান তথ্য কমিশনার